চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি

শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

ভর্তি নির্দেশিকা

ইউনিট পরিচিতি

A ইউনিট

(বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট
জীববিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ
ইঞ্জিনিয়ারিং অনুষদভুক্ত সকল বিভাগ
মেরিন সায়েন্স অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট)

B ইউনিট

(কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট)

C ইউনিট

(ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ)

D ইউনিট

(সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ
আইন অনুষদভুক্ত আইন বিভাগ
শিক্ষা অনুষদভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ
ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ
জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগ)

Sadar Uddin/F:Drive All doc. admission

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

A ইউনিট

শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের A ইউনিটের অন্তর্গত বিজ্ঞান, জীববিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও মেরিন সায়েন্স অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত সকল বিভাগ/ ইনস্টিটিউটে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এসসি (সম্মান)/বি. ফার্ম/বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে। ফার্মেসী বিভাগে বি. ফার্ম কোর্স ০৫ (পাঁচ) বছর মেয়াদী এবং অন্যান্য সকল বিভাগ/ইনস্টিটিউটে স্নাতক (সম্মান) কোর্স ৪ (চার) বছর মেয়াদী।

ভর্তি পরীক্ষাঃ ২৯ অক্টোবর ২০১৮ তারিখ (সোমবার)

১। বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য নির্ধারিত সাধারণ আসন সংখ্যা নিম্নে উল্লেখ করা হলো (কোটা ব্যতিত)।

অনুষদ	ভর্তির বিভাগ/ইনস্টিটিউট/বিষয়	সাধারণ আসন সংখ্যা
বিজ্ঞান অনুষদ	পদার্থবিদ্যা	১১০
	রসায়ন	১১০
	গণিত	১১০
	পরিসংখ্যান	১১০
	ফলিত রসায়ন ও কেমিকৌশল	৩০
	ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রণমেন্টাল সায়েন্সেস	
	ফরেস্ট্রি	৪০
	পরিবেশ বিজ্ঞান	৩৫
জীববিজ্ঞান অনুষদ	প্রাণিবিদ্যা	১০০
	উদ্ভিদবিজ্ঞান	১০০
	ভূগোল ও পরিবেশবিদ্যা	৪০
	প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান	৪০
	মাইক্রোবায়োলজি	৪০
	মৃত্তিকা বিজ্ঞান	৫০
	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি	৩৫
	মনোবিজ্ঞান	২৪
	ফার্মেসী	৩০
ইঞ্জিনিয়ারিং অনুষদ	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৬৫
	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	৫৫

অনুষদ	ভর্তির বিভাগ/ইনস্টিটিউট/বিষয়	সাধারণ আসন সংখ্যা
মেরিন সায়েন্স অ্যান্ড ফিশারিজ অনুষদ	ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস	৪০
	ওশানোগ্রাফী	২৫
	ফিশারিজ	২৫
	মোট	১২১৪

২। ভর্তির নূন্যতম যোগ্যতাঃ

যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.০০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.২৫ রয়েছে তারা A ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

অথবা

যে সকল ছাত্র/ছাত্রী ২০১৫ সালের বা তৎপরবর্তী সালের জিসিই 'ও' লেভেল পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয়ে 'বি' গ্রেড ও ৩টি বিষয়ে 'সি' গ্রেড পেয়েছে এবং ২০১৮ সালের জিসিই 'এ' লেভেল (বিজ্ঞান শাখা) পরীক্ষায় ন্যূনতম ১টি বিষয়ে 'বি' গ্রেড ও ২টি বিষয়ে 'সি' গ্রেড পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা A ইউনিট ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

উল্লেখ্য যে, ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় (মান উন্নয়ন) অংশগ্রহণকৃত পরীক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফলে মান উন্নয়ন হলে তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

এছাড়াও প্রার্থী যে বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হতে ইচ্ছুক তাকে নিম্নে ৩নং ক্রমিকে উল্লিখিত ঐ বিভাগের জন্য নির্ধারিত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে।

৩। A ইউনিটের অন্তর্গত বিভিন্ন অনুষদভুক্ত বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির ন্যূনতম যোগ্যতা :

যে কোন বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তি পরীক্ষায় বাংলায় ন্যূনতম ৩ নম্বর ও ইংরেজিতে ন্যূনতম ৪ নম্বর পেতে হবে।

অনুষদ/ইনস্টিটিউট	বিভাগ/বিষয়	সাধারণ যোগ্যতা	উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড	বিশেষ যোগ্যতা (ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর)
বিজ্ঞান অনুষদ	পদার্থবিদ্যা	------	পদার্থবিদ্যা ও গণিত উভয় বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	পদার্থবিদ্যা-১০
	রসায়ন		রসায়নে ৩.৫০ ও গণিত বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	রসায়ন-১০
	গণিত		গণিত বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	গণিত-১০
	পরিসংখ্যান		গণিত বিষয় থাকতে হবে।	গণিত-১০

অনুষদ/ইনস্টিটিউট	বিভাগ/বিষয়	সাধারণ যোগ্যতা	উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড	বিশেষ যোগ্যতা (ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর)
	ফলিত রসায়ন ও কেমিকৌশল	---------	রসায়ন ও গণিত উভয় বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	রসায়ন-১০
ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রণমেন্টাল সায়েন্সেস	ফরেস্ট্রি পরিবেশ বিজ্ঞান	---------	গণিত ও জীববিজ্ঞান বিষয় থাকতে হবে।	পদার্থবিদ্যা/রসায়ন-১০ গণিত/জীববিজ্ঞান-১০ চ.বি মেডিকেল বোর্ড কর্তৃক শারীরিক ফিটনেস পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
জীববিজ্ঞান অনুষদ	প্রাণিবিদ্যা	----------	জীববিজ্ঞান বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	জীববিজ্ঞান-১০
	উদ্ভিদবিজ্ঞান		জীববিজ্ঞান বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	জীববিজ্ঞান-১০
	ভূগোল ও পরিবেশবিদ্যা		--------	---------
	প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান		জীববিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	জীববিজ্ঞান-১০ রসায়ন-১০
	মাইক্রোবায়োলজি		জীববিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	জীববিজ্ঞান-১০ রসায়ন-১০
	মৃত্তিকা বিজ্ঞান		রসায়ন ও জীববিজ্ঞান বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	জীববিজ্ঞান-১০ রসায়ন-১০
	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি		রসায়ন, জীববিজ্ঞান ও গণিত বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	জীববিজ্ঞান-১০ রসায়ন-১০
	মনোবিজ্ঞান		-------------	-------------

অনুষদ/ইনস্টিটিউট	বিভাগ/বিষয়/ ইনস্টিটিউট	সাধারণ যোগ্যতা	উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড	বিশেষ যোগ্যতা (ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর)
	ফার্মেসী	-----	জীববিজ্ঞান ও রসায়ন বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	জীববিজ্ঞান-১০ রসায়ন-১০
ইঞ্জিনিয়ারিং অনুষদ	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	-------	পদার্থবিদ্যা ও গণিত উভয় বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	---------------
	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং		পদার্থবিদ্যা ও গণিত উভয় বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।	---------------
মেরিন সায়েন্স অ্যান্ড ফিশারিজ অনুষদ	ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস	--------	গণিত ও জীববিজ্ঞান বিষয় থাকতে হবে।	পদার্থবিদ্যা/রসায়ন-১০ গণিত/জীববিজ্ঞান-১০
	ওশানোগ্রাফী			
	ফিশারিজ			

৪। A ইউনিট ভর্তি পরীক্ষার মান বন্টনঃ	
বিষয়	**নম্বর**
বাংলা	১০
ইংরেজি	১৫
পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান (ভর্তিচ্ছু প্রার্থীকে অনুষদ/বিভাগ এর চাহিদা অনুযায়ী তিনটি বিষয়ে উত্তর দিতে হবে)	২৫×৩=৭৫
মোট নম্বর	১০০
পাশ নম্বরঃ ৪০	

৫। মেধাস্কোর ও মেধাক্রমঃ

ভর্তি পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। ১০০ (একশত) নম্বরের ভর্তি পরীক্ষায় সাধারণ আসনে ৪০ ও তদুর্ধ নম্বর প্রাপ্তদের এবং কোটার আসনে ৩৫ ও তদুর্ধ নম্বর প্রাপ্তদের তালিকা তৈরী করে প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ'র ৬০% যোগ করে সর্বমোট ১২০ (একশত বিশ) নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা মেধাক্রমানুসারে প্রস্তুত করা হবে।

মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরী করা হবেঃ

ক) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর

খ) ভর্তি পরীক্ষায় ইংরেজিতে প্রাপ্ত নম্বর

গ) ভর্তি পরীক্ষায় বাংলায় প্রাপ্ত নম্বর

ঘ) ভর্তি পরীক্ষায় রসায়ন এবং/ অথবা পদার্থবিদ্যা বিষয়ে প্রাপ্ত নম্বর

ঙ) ভর্তি পরীক্ষায় গণিতএবং/ অথবা জীববিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর

A ইউনিটে ভর্তি সংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগের ঠিকানাঃ জীববিজ্ঞান অনুষদ কার্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। ফোনঃ PABX : ২৬০৬০০১-১০, ২৬০৬০১৫-২৭, Ext: ৪৪৯৫ মোবাইল নম্বরঃ 01555555135 **(বিজ্ঞান অনুষদ)**, 01555555142 **(জীববিজ্ঞান অনুষদ)**, 01555555156 **(ইঞ্জিনিয়ারিং অনুষদ)**
হেল্প ডেস্কঃ (সকাল ৯:০০ টা থেকে সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত) আইসিটি সেল, আই.টি ভবন (কক্ষ নং-২০১), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। ফোনঃ PABX : ২৬০৬০০১-১০, ২৬০৬০১৫-২৭, Ext: ৪২৫৯ E-mail: admission@cu.ac.bd মোবাইল নম্বরঃ 01555555140, 01555555141

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

B ইউনিট

শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের B ইউনিটের অন্তর্গত কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউটে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এ (সম্মান) কোর্সে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে। স্নাতক (সম্মান) কোর্স কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউটে ৪ (চার) বছর মেয়াদী।

B ইউনিটের অন্তর্গত কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউটে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এ (সম্মান) কোর্সে ভর্তি পরীক্ষা উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মানবিক শাখা, বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখা ও ব্যবসায় শিক্ষা/সমমান শাখাসহ সকল শাখার শিক্ষার্থীদের জন্য উম্মুক্ত থাকবে।

ভর্তি পরীক্ষাঃ ২৭ অক্টোবর ২০১৮ তারিখ (শনিবার)

১। বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য নির্ধারিত সাধারণ আসন সংখ্যা নিম্নে উল্লেখ করা হলো (কোটা ব্যতিত)।

অনুষদ	ভর্তির বিভাগ/ইনস্টিটিউট	আসন সংখ্যা
কলা ও মানববিদ্যা অনুষদ	বাংলা	১১০
	ইংরেজি	১১০
	ইতিহাস	১২০
	দর্শন	১২০
	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	১২০
	আরবি	১২০
	ইসলামিক স্টাডিজ	১২০
	আধুনিক ভাষা ইনস্টিটিউট (Language & Linguistics)	৪১
	ফারসি ভাষা ও সাহিত্য	৫০
	পালি	৮৫
	সংস্কৃত	৭০
	ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ (বি.এড) (মানবিক ও সমাজ বিজ্ঞান শাখা ৪০টি, ব্যবসায় শিক্ষা শাখা ৪০ টি এবং বিজ্ঞান শাখা ২৫টি)	১০৫
	বাংলাদেশ স্টাডিজ	৫০
	মোট	১২২১

২। ভর্তির নূন্যতম যোগ্যতাঃ
যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ড এর অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে তারা B ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।
অথবা
যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ রয়েছে তারা B ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।
অথবা
যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের ব্যবসায় শিক্ষা/সমমান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে তারা B ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।
অথবা
যে সকল ছাত্র/ছাত্রী ২০১৫ সালের বা তৎপরবর্তী সালের জিসিই 'ও' লেভেল পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয়ে 'বি' গ্রেড ও ৩টি বিষয়ে 'সি' গ্রেড পেয়েছে এবং ২০১৮ সালের জিসিই 'এ' লেভেল পরীক্ষায় ন্যূনতম ১টি বিষয়ে 'বি' গ্রেড ও ২টি বিষয়ে 'সি' গ্রেড পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা B ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।
উল্লেখ্য যে, ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় (মান উন্নয়ন) অংশগ্রহণকৃত পরীক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফলে মান উন্নয়ন হলে তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
এছাড়াও প্রার্থী যে বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হতে ইচ্ছুক তাকে নিম্নে ৩নং ক্রমিকে উল্লিখিত ঐ বিভাগের জন্য নির্ধারিত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে।

৩। B ইউনিটের অন্তর্গত কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির ন্যূনতম যোগ্যতাঃ

অনুষদ	বিভাগ/ইনস্টিটিউট	মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে বিষয়সমূহ থাকতে হবে।	ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত ন্যূনতম নম্বর	অতিরিক্ত যোগ্যতা
কলা ও মানববিদ্যা অনুষদ	বাংলা	--	বাংলায় -১৮, ইংরেজি-৯ এবং সাধারণ জ্ঞান বিষয়ে-১২ নম্বর পেতে হবে।	--
	ইংরেজি	--	বাংলায়-১০, ইংরেজি-২০ এবং সাধারণ জ্ঞান বিষয়ে-১২ নম্বর পেতে হবে।	--

কলা ও মানববিদ্যা অনুষদ	ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ফারসি ভাষা ও সাহিত্য, বাংলাদেশ স্টাডিজ	--	বাংলায়-১০, ইংরেজিতে-০৯ এবং সাধারণ জ্ঞান বিষয়ে-১২ নম্বর পেতে হবে।	--
	আরবি, ইসলামিক স্টাডিজ	দাখিল পরীক্ষায় আরবি বিষয়ে উত্তীর্ণ হয়ে আলিম/উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আরবি/ইসলামী শিক্ষা/বাংলা/ইংরেজি বিষয়ে উত্তীর্ণরা অগ্রাধিকার পাবে এবং সাধারণ আসনে উত্তীর্ণ শিক্ষার্থীরাও অংশ গ্রহণ করতে পারবে।	বাংলায় ন্যূনতম-০৮, ইংরেজিতে-০৭ এবং সাধারণ জ্ঞান বিষয়ে-১০ নম্বর পেতে হবে।	আরবি বিভাগের মোট আসনের ৯৫% দাখিল ও আলিম পাস থেকে এবং ০৫% শিক্ষার্থী মেধানুসারে জেনারেল শিক্ষা হতে ভর্তি করা হবে। ইসলামিক স্টাডিজ বিভাগের মোট আসনের ৯০% দাখিল ও আলিম পাস থেকে এবং ১০% শিক্ষার্থী মেধানুসারে জেনারেল শিক্ষা হতে ভর্তি করা হবে। তবে, আসন শূন্য থাকলে মেধা ভিত্তিতে যে কোন শাখা থেকে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে।
	পালি	মাধ্যমিক পরীক্ষায় বৌদ্ধ ধর্ম ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পালি বিষয় অথবা আদ্য ও মধ্য পরীক্ষায় উত্তীর্ণরা অগ্রাধিকার পাবে এবং সাধারণ আসনে উত্তীর্ণ শিক্ষার্থীরাও অংশগ্রহণ করতে পারবে।	বাংলা ন্যূনতম-০৮ ইংরেজিতে-০৭ এবং সাধারণ জ্ঞান বিষয়ে-১০ নম্বর পেতে হবে।	পালি বিভাগের মোট আসনের ৯০% মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বৌদ্ধ ধর্ম পাস থেকে এবং ১০% শিক্ষার্থী মেধানুসারে জেনারেল শিক্ষা হতে ভর্তি করা হবে। তবে, আসন শূন্য থাকলে মেধা ভিত্তিতে যে কোন শাখা থেকে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে।
	সংস্কৃত	মাধ্যমিক পরীক্ষায় হিন্দু ধর্ম ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সংস্কৃত বিষয় অথবা আদ্য ও মধ্য (সংস্কৃত) পরীক্ষায় উত্তীর্ণরা অগ্রাধিকার পাবে এবং সাধারণ আসনে উত্তীর্ণ শিক্ষার্থীরাও অংশগ্রহণ করতে পারবে।	বাংলায় ন্যূনতম-০৮ ইংরেজিতে -০৭ এবং সাধারণ জ্ঞান বিষয়ে-১০ নম্বর পেতে হবে।	সংস্কৃত বিভাগের মোট আসনের ৯০% মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষায় হিন্দু ধর্ম পাস থেকে এবং ১০% শিক্ষার্থী মেধানুসারে জেনারেল শিক্ষা হতে ভর্তি করা হবে। তবে, আসন শূন্য থাকলে মেধা ভিত্তিতে যে কোন শাখা থেকে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে।
	আধুনিক ভাষা ইনস্টিটিউট	--	বাংলায় ন্যূনতম-১০ ইংরেজিতে-১৭ এবং সাধারণ জ্ঞান বিষয়ে-১২ নম্বর পেতে হবে।	--

	ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ (আইইআর)	১. উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যারা মানবিক শাখা হতে উত্তীর্ণ হয়েছে শুধু তারাই আই.ই.আর. এ মানবিক ও সমাজ বিজ্ঞান শাখায় ভর্তি হতে পারবে। ২. উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যারা বিজ্ঞান/ সমমান শাখা হতে উত্তীর্ণ হয়েছে শুধু তারাই আই.ই.আর. এ বিজ্ঞান শাখায় ভর্তি হতে পারবে। উচ্চ মাধ্যমিক বা সমমান পর্যায়ে জীব বিজ্ঞান/গণিত পাঠ্য বিষয় হিসেবে থাকতে হবে। ৩. উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যারা ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ হয়েছে শুধু তারাই আই.ই. আর এ ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তি হতে পারবে।	বাংলায় ন্যূনতম-১০, ইংরেজিতে-০৯ এবং সাধারণ জ্ঞান বিষয়ে-১২ নম্বর পেতে হবে।	--

৪। B ইউনিট ভর্তি পরীক্ষার মান বন্টনঃ	
বিষয়	**নম্বর**
বাংলা	৩৫
ইংরেজি	৩৫
সাধারণ জ্ঞান	৩০
মোট	১০০
পাশ নম্বরঃ ৪০	

উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যারা মাতৃভাষা হিসেবে বাংলা পড়েনি তারা বাংলার পরিবর্তে ঐচ্ছিক ইংরেজি বিষয়ে ৩৫ নম্বরের উত্তর দেবে (বৃত্ত পূরণ করবে)। এক্ষেত্রে পাশ নম্বর ১০।

৫। মেধাস্কোর ও মেধাক্রমঃ

ভর্তি পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। ১০০ (একশত) নম্বরের ভর্তি পরীক্ষায় সাধারণ আসনে ৪০ ও তদুর্ধ নম্বর প্রাপ্তদের এবং কোটার আসনে ৩৫ ও তদুর্ধ নম্বর প্রাপ্তদের তালিকা তৈরী করে প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ'র ৬০% যোগ করে সর্বমোট ১২০ (একশত বিশ) নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা মেধাক্রমানুসারে প্রস্তুত করা হবে।